

পত্নীতলায় শিক্ষার্থীদের দৃষ্টান্ত স্থাপন

“আসুন, সবাই মিলে শপথ করি, করোনাভাইরাসমুক্ত গ্রাম গড়ি”-এই শ্লোগান নিয়ে ৪ এপ্রিল ২০২০ নওগাঁর পত্নীতলা উপজেলার শিহাড়া উচ্চ বিদ্যালয়ের ইয়ুথ এন্ডিং হান্গার ইউনিটের উদ্যোগে শিক্ষার্থীরা বিদ্যালয়সংশ্লিষ্ট এলাকার পাঁচটি গ্রামে জীবাণুনাশক স্প্রে করেছে। তারা নিজেদের অর্থায়নে ব্লিচিং পাউডার কিনে শিহাড়া, ওয়ারিখণ্ডা, কলাপাকা, কচুকুড়ি ও বাজারপাড়ার সকল রাস্তা, পুকুর ঘাট, ড্রেন, শিহাড়া বাজার, ইউনিয়ন পরিষদসহ এলাকার চলাচলের স্থানসমূহে স্প্রে করে।



শিহাড়া উচ্চ বিদ্যালয় ইউনিটের মিলন, মেহেদি, আশরাফুল, সৌরভ, সজিব, আরাফাত রহমান, জাহিদ, শাকিব, একরামুল এবং ইয়ুথ লিডার শামিম, মামুনুর

রশিদের নেতৃত্বে কার্যক্রম পরিচালিত হয়। তারা তাদের স্বেচ্ছায় প্রদত্ত অনুদান একত্রিত করে আদিবাসী, প্রতিবন্ধী এবং অস্বচ্ছল ৩৫টি পরিবারকে সাবান প্রদান করেছে। এছাড়াও সামাজিক দুরত্ব বজায় রেখে কাজকর্ম এবং বাড়িতে থাকতে সবাইকে উৎসাহ যুগিয়েছে।

সবাই মিলে শপথ করি করোনা ভাইরাসমুক্ত গ্রাম গড়ি

শিহাড়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইফুল ইসলাম শিক্ষার্থীদের এমন উদ্যোগের প্রশংসা করে বলেন, “আমরা প্রত্যেকে নিজেরা সচেতন হলে এই মহামারী করোনা ভাইরাসের মোকাবিলা করা সম্ভব। আমাদের পথ দেখিয়ে দিলো শিক্ষার্থীরা, আমরা সেই পথেই এগিয়ে যাব।”

তরুণদের এই দৃষ্টান্ত এলাকার মানুষের মধ্যে নিরাপত্তাবোধ সৃষ্টি করেছে। তারা এখন করোনাভাইরাস প্রতিরোধে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন হয়েছেন এবং নিয়ম মেনে চলছেন।



চুয়াডাঙ্গায় ইয়ুথ লিডারদের করোনা প্রতিরোধের উদ্যোগ

এপ্রিলের শুরু থেকেই বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং ইয়ুথ এন্ডিং হান্গারের ইয়ুথ লিডারদের উদ্যোগে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের আসমানখালী, বাজার এবং শালিকা গ্রামে জীবাণুনাশক স্প্রে, নিজেদের উদ্যোগে ত্রাণ বিতরণ এবং সাবান বিতরণ করছেন একদল উদ্যমী স্বেচ্ছাসেবক। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং ইয়ুথ

লিডার মোঃ সেলিম রেজা জানান, গ্রামের মানুষদের মাঝে সচেতনতার অভাব থাকায় আমরা প্রথমে সচেতনতা তৈরির কাজ শুরু করি। এছাড়াও আমাদের উদ্যোগে ত্রাণ বিতরণ,



সাবান বিতরণ করা হয়েছে। স্বেচ্ছাসেবীরা আসমানখালী বাজার, মোচাইনগর গ্রাম এবং শালিকা গ্রামের প্রায় ২০০০ বাড়িতে জীবাণুনাশক স্প্রে করেছেন এবং নিম্ন আয়ের মানুষের মাঝে ২৫০টি সাবান এবং ৬০টি পরিবারে ত্রাণ বিতরণ করেছেন।

সবাই মিলে শপথ করি করোনা ভাইরাসমুক্ত বাংলাদেশ গড়ি

এই উদ্যোগে নেতৃত্ব দিচ্ছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং ইয়ুথ লিডার এমকে সোহাগ, ঢাকা কলেজের শিক্ষার্থী আরিফুল ইসলাম আরিফ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জামাল উদ্দিন শোভন, মোচাইনগর গ্রামের সোহেল, শান্তি, তুষার, জায়েদ, শালিকা গ্রামের রাকিব, রাসেল, মিরাজ, আকাশ, আশিক, টিটো, হাসান, ফারুক, নোমান, সাগর, তরিকুল প্রমুখ। উল্লেখ্য ৯ এপ্রিল, ১০ এপ্রিল, ১২ এপ্রিল, এবং ১৪ এপ্রিল আসমানখালী এলাকায় জীবাণুনাশক স্প্রে এবং সচেতনতা তৈরি করা হয় এই টিমের মাধ্যমে।

